

(বাংলাদেশ সরকারি গেজেটে প্রকাশের জন্য)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
প্রবিধি অনুবিভাগ  
প্রবিধি-১ শাখা  
[www.mof.gov.bd](http://www.mof.gov.bd)

নং- ০৭.০০.০০০০.১৭১.১৩.০২৭.১৩-১৬০

তারিখঃ ২৩-১২-২০১৩ খ্রিষ্টাব্দ  
০৯-০৯-১৪২০ বঙ্গাব্দ

## প্রজ্ঞাপন

পেনশন সুবিধার আওতাভুক্ত অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবারের জন্য বিধি মোতাবেক প্রাপ্য আনুতোষিকের হার নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হলো :

- (ক) বাধ্যতামূলকভাবে সমর্পিত (Surrendered) আনুতোষিকঃ অবসর গ্রহণকারী চাকুরে কিংবা মৃত্যুবরণকারী চাকুরের পরিবার বিধি মোতাবেক বাধ্যতামূলকভাবে সমর্পিত (Surrendered) অর্ধেক (৫০%) গ্রস পেনশনের প্রতি ১(এক) টাকার বিপরীতে নিম্নোক্ত ছকের ৪র্থ কলামে বর্ণিত হারে আনুতোষিক প্রাপ্য হবেনঃ


ক্রমিক নং	পেনশনযোগ্য চাকরিকাল	আনুতোষিকের হার (টাকায়)	
		বিদ্যমান	পুনঃনির্ধারিত
১	২	৩	৪
১	১০ বছর বা ততোধিক কিন্তু ১৫ বছরের কম	২৩০ টাকা	২৬০ টাকা
২	১৫ বছর বা ততোধিক কিন্তু ২০ বছরের কম	২১৫ টাকা	২৪৫ টাকা
৩	২০ বছর বা ততোধিক	২০০ টাকা	২৩০ টাকা

- (খ) স্বেচ্ছায় সমর্পিত (Surrendered) অবশিষ্ট আনুতোষিকঃ গ্রস পেনশনের অবশিষ্ট অর্ধেক (৫০%) একসাথে সমর্পণকারী অবসরভোগীগণ কলাম-৪ এ বর্ণিত হারের অর্ধেক হারে আনুতোষিক প্রাপ্য হবেন।

০২। বর্ণিত বিষয়ের সাথে সংশ্লিষ্ট বিধি-বিধান, আদেশ, স্মারক ইত্যাদি উপরোক্ত সূত্রে পরিবর্তিত/সংশোধিত হয়েছে বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ ০১-১২-২০১৩ খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
২৩.১২.২০১৩  
(এ.এফ. আমিন চৌধুরী)  
যুগ্ম-সচিব

উপ-পরিচালক  
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়  
তেজগাঁও, ঢাকা।

চলমান পাতা/২

